

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

17 June 2011

Bangladesh Embassy in Washington DC celebrates 112th birth anniversary of Kazi Nazrul Islam.

In celebration of the 112th birth anniversary of Rebel poet Kazi Nazrul Islam, Bangladesh Embassy in Washington, DC today (June 17, 2011) organized a discussion and cultural programmes at the Bangabandhu Auditorium of the Embassy. The programmes included discussion, renditions of Nazrul songs, dance, recitation from poem and a power point presentation on the life and works of the rebel poet. While discussing the different aspects of rebel poet Nazrul Islam H.E. the Ambassador of Bangladesh to the USA and State Minister Akramul Qader said that poet Nazrul was the inspiration to the freedom fighters with his songs and poems during our liberation war in 1971. The Ambassador said Nazrul Islam was known as Dukhu Miah as his boyhood was passed with sorrows and sufferings. Akramul Qader said Rebel Poet Nazrul had no formal education but his self-composed songs and poems attracted the people while he was working in the restaurant. Ambassador Qader said through his songs and poems he became popular to the people of the then undivided Bengal. Though Nazrul was born in Churulia of west Bengal, India but after the independence of Bangladesh in 1971, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman brought him from Kolkata, West Bengal and gave him recognition as the 'National Poet of Bangladesh' and also gave him citizenship of the country. Poet Nazrul died in Bangladesh in 1976. The Ambassador called upon the new generation of Bangladesh expatriates to be imbued with the Spirit of Rebel Poet Kazi Nazrul Islam to build the country-Bangladesh in a modern country in the world aimed at digital Bangladesh by 2021. Journalist Iqbal bahar Chowdhury, former Bangla service Chief of VOA, spoke on the occasion.

Mrs Rifat Sultana Akram, wife of Ambassador Akramul Qader thanked the embassy officials and employees, all artistes and performers as well as members of Bangladesh Embassy and expatriates who spontaneously participated in the Embassy's celebration of the 112th birth anniversary of Rebel Poet Nazrul. The guests were served with traditional Bangladeshi food.

Contact : Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071 , Fax : 202-244-2771\7830, e-mail : pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

১৭ জুন ২০১১

ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাসে কাজী নজরুল ইসলামের ১১২তম জন্মবার্ষিকী পালিত

বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১১২ তম জন্মবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ দূতাবাস আজ (১৭ জুন ২০১১) বঙ্গবন্ধু অডিটোরিয়ামে এক আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করে। এ উপলক্ষে অনুষ্ঠানমালার মধ্যে ছিল আলোচনা, নজরুল সঙ্গীত, নৃত্য, কবিতা আবৃত্তি, নজরুলের জীবন ও কর্মের উপর পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন। যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এবং প্রতিমন্ত্রী জনাব আকরামুল কাদের নজরুলের জীবনের বিভিন্ন দিক সম্পর্কে আলোচনা করেন। মান্যবর রাষ্ট্রদূত বলেন বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের গান, কবিতা মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করেছিল। জনাব কাদের বলেন, কাজী নজরুল ইসলাম যখন রেস্টুরেন্টে কাজ করতেন তখন তার স্বরচিত গান ও কবিতা মানুষকে আকৃষ্ট করেছিল এবং তিনি অবিভক্ত বাংলায় জনপ্রিয়তা অর্জন করেছিলেন। কাজী নজরুল ইসলাম তাঁর বাল্যকালে দুখু মিয়া নামে পরিচিত ছিলেন এবং খুব দুঃখ দৈন্যতার মধ্য দিয়ে তাঁর শৈশবকাল কাটিয়েছিলেন। যদিও নজরুল পশ্চিম বাংলার চুরুলিয়া গ্রামে জন্মগ্রহণ করেন, কিন্তু ১৯৭১ সালে স্বাধীনতার পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁকে কলকাতা থেকে বাংলাদেশে নিয়ে এসেছিলেন এবং তাঁকে বাংলাদেশের নাগরিকত্ব ও জাতীয় কবির মর্যাদায় ভূষিত করেছিলেন। রাষ্ট্রদূত প্রবাসী বাংলাদেশী ছেলেমেয়েদের কাজী নজরুল ইসলামের আদর্শে উদ্বুদ্ধ হয়ে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠার লক্ষ্যে আধুনিক বাংলাদেশ গড়ে তোলার আহ্বান জানান। এ উপলক্ষে ভয়েস অব আমেরিকার বাংলা বিভাগের প্রাক্তন প্রধান জনাব ইকবাল বাহার চৌধুরীও বক্তব্য রাখেন।

রাষ্ট্রদূতপত্নী মিসেস রিফাত সুলতানা আকরাম বাংলাদেশ দূতাবাসের সকল কর্মকর্তা/কর্মচারী, শিল্পী ও কলাকুশলী এবং দূতাবাসের সকল সদস্য এবং প্রবাসী বাংলাদেশীদের বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১১২ তম জন্মবার্ষিকী উপলক্ষে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের জন্য আন্তরিক ধন্যবাদ জানান। অতিথিদের ঐতিব্যবাহী বাংলাদেশী খাবার পরিবেশন করা হয়।

যোগাযোগ : স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন, ডিসি-২০০০৮, টেলিফোন : ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্স-২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইল- pressministerwash@yahoo.com